যশোর বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ৪

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১.▶ স্টার কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা। এই মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো—

স্টার কোম্পানি লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
শেয়ার মূলধন		৮,০০,০০০
কলকব্জা	৬,০০,০০০	
বেতন	৪০,০০০	
মজুদ পণ্য (১-১-১৫)	৪৫,০০০	
ক্রয় ও বিক্রয়	৪,৫০,০০০	৮,৫০,০০০
ভাড়া	৪৫,০০০	
লভ্যাংশ প্রদান	৪০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	১,৪০,০০০	৭০,০০০
নগদ	১,৭০,০০০	
ব্যাংক জমা	১,৫০,০০০	
মজুরি	৩০,০০০	
আমদানি শুল্ক	৫০,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		১০,০০০
সংরক্ষিত আয় (১-১-১৫)		৩০,০০০
	১৭,৬০,০০০	১৭,৬০,০০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্য ১,৪০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়। ২. কলকব্জার ওপর ১০% অবচয় ধরতে হবে। (১,০০,০০০ টাকার কলকব্জা ৩০-০৫-২০১৫ তারিখে ক্রয় করা হয়। ৩. প্রতি মাসে ভাড়া প্রদানের হার ৫,০০০ টাকা। ৪. প্রাপ্ত হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়; অনাদায়ী পাওনা সঞ্চিতি ৮,০০০ টাকা রাখতে হবে।

ক. কলকব্জার অবচয় নির্ণয় করো। ২

খ. উপযুক্ত তথ্যের আলোকে বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. বিক্রীত দ্রব্যের ব্যয় ৪,২০,০০০ টাকা দরে আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২.▶ জামান অ্যান্ড কোম্পানি লিমিটেডের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ—

জামান অ্যান্ড কোম্পানি লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
চলতি বছরের নিট মুনাফা		১,০০,০০০
আসবাবপত্র	১,৫০,০০০	
দালানকোঠা	৩,২০,০০০	
নগদ তহবিল	৯০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৮০,০০০	৫০,০০০
শেয়ার মূলধন		৫,০০,০০০
প্রাপ্য নোট ও প্রদেয় নোট	২০,০০০	১০,০০০
১০% ঋণপত্র		৫০,০০০
১৫% বিনিয়োগ	১,০০,০০০	
সঞ্চিতি তহবিল		২০,০০০
সংরক্ষিত মুনাফা (১-১-১৫)		৭০,০০০
লভ্যাংশ প্রদান	২৫,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		৫,০০০
মজুদ পণ্য (সমাপনী)	২০,০০০	
	৮,০৫,০০০	৮,০৫,০০০

সমন্বয়সমূহ : ১. নিট লাভের ১০% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ২. ১০% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। ৩. ৩১-১২-২০১৫ তারিখে ৫০% ঋণ পরিশোধ করা হয় যা হিসাবভুক্ত হয় নি।

ক. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ২

খ. সংরক্ষিত মুনাফা ১,১০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানা স্বত্ব উপস্থাপন করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীর সম্পদসমূহ উপস্থাপন করো। ৪

খ বিভাগ

৩.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মিতালী যুব সংঘরে প্রাপ্তি প্রদান হিসাব নিম্নে প্রদত্ত হলো—

মিতালী যুব সংঘ
প্রাপ্তি প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
উদ্বৃত্ত (১-১-২০১৫)	১৫,০০০	ভাড়া	২৪,০০০
প্রবেশ ফি	৫,০০০	বেতন	৪৮,০০০
চাঁদা	৮০,০০০	আসবাবপত্র ক্রয় (১-১-২০১৫)	৫০,০০০
অনুদান	১,০০,০০০	খেলাধুলার সরঞ্জাম ক্রয় (১-৭-১৫)	৬৮,০০০
আপ্যায়ন থেকে প্রাপ্তি	২৫,০০০	বকেয়া মজুরি	৭,০০০
		মনিহারি	৮,০০০
		উদ্বৃত্ত (৩১-১২-১৫)	২০,০০০
	২,২৫,০০০		২,২৫,০০০

২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে মিতালী যুব সংঘের অন্যান্য সম্পদ ও দায়ের পরিমাণ নিম্নরূপ: আসবাবপত্র ২৫,০০০ টাকা, খেলাধুলার সরঞ্জাম ৩০,০০০ টাকা বকেয়া চাঁদা ২০,০০০ টাকা, অগ্রিম চাঁদা ৫,০০০ টাকা।

অন্যান্য তথ্য : ১. ১,০০০ টাকা মূল্যের মনিহারি অব্যবহৃত আছে। ২. প্রবেশ ফি ৫০% এবং অনুদানের ৪০% মুনাফা জাতীয় ব্যয় ধরতে হবে। ৩. স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে। ৪. চলতি বছরসহ সব বকেয়া চাঁদা আদায় হয়েছে।

ক. চলতি হিসাবকালে চাঁদা বাবদ রাজস্ব কত তা নির্ণয় করো। ২

খ. ০১-০১-২০১৫ তারিখে মূলধন তহবিল নির্ণয় করো। ৪

গ. আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

৪.▶ জসিম, আমিন ও সাদি একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ বা ক্ষতি ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে জসিম ১,০০,০০০ টাকা, আমিন ৮০,০০০ টাকা ও সাদি ৬০,০০০ টাকা মূলধন আনয়ন করেন। অংশীদারদের চুক্তি অনুসারে—

১. অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর যথাক্রমে ১০% ও ৫% হারে সুদ ধরতে হবে।

২. সাদি ব্যবসায়ে সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ১,০০০ টাকা করে বেতন পাবেন।

অংশীদারগণ বছরের মাঝামাঝি সময়ে নগদ উত্তোলন করেন, যা যথাক্রমে জসিম ১০,০০০ টাকা, আমিন ১৫,০০০ টাকা এবং সাদি ৮,০০০ টাকা। নগদ উত্তোলন ছাড়াও সাদি ১,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন। জসিম ০১-১০-২০১৫ তারিখে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন।

উপর্যুক্ত সমন্বয়গুলো বিবেচনার পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মুনাফার পরিমাণ ৬৯,৩৫০ টাকা। আমিন ও সাদি জসিমকে যৌথভাবে নিশ্চয়তা প্রদান করে যে, জসিমের বণ্টনযোগ্য মুনাফা ২১,০০০ টাকার কম হবে না।

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

৫.▶ সোনার বাংলা লিমিটেডের ২০১৫ সালের ৩০ জুন তারিখের আর্থিক অবস্থা ও অন্যান্য তথ্য নিম্নরূপ—

সোনার বাংলা লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী

৩০ জুন, ২০১৫

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
প্রদেয় নোট	২৫,০০০	নগদ	৫৫,০০০

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
প্রদেয় হিসাব	৭০,০০০	প্রাপ্য হিসাব	১,০০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১৫,০০০	মজুদ পণ্য	৪০,০০০
১০% ঋণ	১,০০,০০০	প্রাপ্য নোট	২৫,০০০
শেয়ার মূলধন	২,৯০,০০০	আসবাবপত্র	৮০,০০০
		দালানকোঠা	২,০০,০০০
	৫,০০,০০০		৫,০০,০০০

অন্যান্য তথ্য : প্রারম্ভিক মুজদ পণ্য ৫৫,০০০ টাকা, বিক্রয় (নগদ বিক্রয় ১,২০,০০০ টাকাসহ) ৫,০০,০০০ টাকা, নিট মুনাফা ১,১২,৫০০ টাকা

ক. চলতি সম্পত্তি ও চলতি দায় নির্ণয় করো। ২

খ. চলতি অনুপাত ও নিট মুনাফা অনুপাত নির্ণয় করো। ৪

গ. সম্পত্তি আবর্তন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

৬.▶ রুবেল লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ সাধারণ শেয়ারে অনুমোদিত। কোম্পানি ১,৫০,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে। শেয়ারগুলো নিম্নোক্তভাবে বিক্রয় করা হয়—

২০১৫

জানু. ৫ ৫০,০০০ শেয়ার (প্রতিটি ২ টাকা অধিহারসহ) বিনিময়ে জমি ক্রয় করা হয়।

" ১৫ অবশিষ্ট শেয়ারগুলো ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়।

" ২০ ১,২০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়।

" ২৫ অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হয়।

" ৩১ শেয়ার বিক্রয়ের জন্য ১০,০০০ টাকা কমিশন প্রদান করা হলো।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান করো। ৪

গ. ৩১ জানুয়ারি তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৭.▶ জুই কোম্পানি বোতলে কোমল পানীয় উৎপাদন ও বিক্রয় করে থাকে। ২০১৫ সালে তাদের উৎপাদন ও বিক্রয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ—

বিবরণ	টাকা	টাকা
বিক্রয় ৪,০০০ একক (প্রতি একক ২৫ টাকা)		১,০০,০০০
পরিবর্তনশীল ব্যয় (প্রতি একক ১৭.৫০ টাকা)	৭০,০০০	
স্থির ব্যয়	১৮,০০০	
নিট মুনাফা		৮৮,০০০
		১২,০০০

ক. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত নির্ণয় করো। ২

খ. সমচ্ছেদ বিন্দু একক ও টাকায় নির্ণয় করো। ৪

গ. প্রমাণ কর যে, সমচ্ছেদ বিন্দুতে মুনাফা শূন্য। ৪

৮.▶ ডাকাতিয়া লিমিটেডের ২০১৫ সালের আয় বিবরণী ও অন্যান্য তথ্য নিম্নরূপ—

ডাকাতিয়া লিমিটেড

আয় বিবরণী

২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

বিবরণ		টাকা
রাজস্ব		৬৫,৮৩,০০০
বাদ: পরিচালন ব্যয় (অবচয় বাদে)	৪৯,২০,০০০	
অবচয়	৮,৮০,০০০	৫৮,০০,০০০
কর পূর্ব আয়		৭,৮৩,০০০
বাদ: আয়কর		৩,৫৩,০০০
কর পরবর্তী আয়		৪,৩০,০০০

নিম্নে কতিপয় সম্পত্তি ও দায়ের প্রারম্ভিক ও সমাপনী জের দেয়া হলো—

বিবরণ	সমাপনী টাকা	প্রারম্ভিক টাকা
নগদ	৬,৭২,০০০	১,৩০,০০০
প্রাপ্য হিসাব	৭,৭৫,০০০	৬,১০,০০০
মজুদ পণ্য	৮,৩৪,০০০	৮,৬৭,০০০
প্রদেয় হিসাব	৫,২১,০০০	৫,০১,০০০

অন্যান্য তথ্য : ১. একটি মেশিন ২,৭০,০০০ টাকায় বিক্রয় করা হয় এবং অন্য একটি মেশিন ৭,৫০,০০০ টাকায় ক্রয় করা হয়।

ক. পরিচালন ব্যয়ের জন্য নগদ কত টাকা প্রদান করা হয় তা নির্ণয় করো। ২

খ. পরিচালন সংক্রান্ত নিট নগদ প্রবাহ নির্ণয় করো। (পরোক্ষ পদ্ধতিতে) ৪

গ. বিনিয়োগ ও অর্থায়ন সংক্রান্ত নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

৯.▶ ফাহিম লিমিটেডের ২০১৫ সালের উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নরূপ—

বিবরণ	টাকা
কাঁচামালের ব্যবহার	৩৪,০০০
প্রারম্ভিক চলতি কার্য	৫,২০০
সমাপনী চলতি কার্য	৬,৫০০
তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ	১৩,৫০০
তৈরি পণ্যের সমাপনী মজুদ	৮,৫০০
প্রত্যক্ষ মজুরি (১৪,০০০ শ্রম ঘণ্টা প্রতি ঘণ্টা ২ টাকা হারে)	
কারখানা ম্যানেজারের বেতন	৭,২০০

বিবরণ	টাকা
কারখানা সরবরাহ	৪,২০০
পরোক্ষ মজুরি	৯,০০০
বিবিধ কারখানা ব্যয়	৭,০০০
প্রশাসনিক খরচ	১৫,০০০
বিক্রয় খরচ	১০,০০০
মুনাফা (বিক্রয় ২০%)	

ক. মুখ্য ব্যয় নির্ণয় করো। ২

খ. মুখ্য ব্যয় ৬০,০০০ টাকা ধরে কারখানা ব্যয় ও বিক্রীত দ্রব্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. বিক্রীত দ্রব্যের ব্যয় ৩,২৫,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. ক. মোট অবচয়ের পরিমাণ ৫৫,৮৩৩ টাকা। খ. বিক্রীত দ্রব্যের ব্যয় ৪,৩৫,০০০ টাকা। গ. নিট মুনাফা ২,৭১,১৬৭ টাকা।

২. ক. সংরক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ৮৫,০০০ টাকা। খ. শেয়ার মালিকদের স্বত্ব ও মোট দায় ৭,৮০,০০০ টাকা। গ. মোট সম্পদ ৭,৫৫,০০০ টাকা।

৩. ক. চলতি হিসাবকালে চাঁদা বাবদ রাজস্ব ৬৫,০০০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন তহবিল ৭৮,০০০ টাকা। গ. আয় উদ্বৃত্ত ৩৯,৬০০ টাকা।

৪. ক. অংশীদারদের মূলধনের সুদ : জসিম ১০,৫০০ টাকা; আমিন ৮,০০০ টাকা এবং সাদি ৬,০০০ টাকা। খ. বণ্টনযোগ্য মুনাফার অংশ : জসিম ২১,০০০ টাকা; আমিন ৯,৪৫০ টাকা ও সাদি ৪,৭২৫ টাকা। গ. সমাপনী মূলধনের উদ্বৃত্ত : জসিম ১,৪১,২৫০ টাকা; আমিন ৮২,০৭৫ টাকা এবং সাদি ৭৩,০২৫ টাকা।

৫. ক. চলতি সম্পদ ২,২০,০০০ টাকা এবং চলতি দায় ১,১০,০০০ টাকা। খ. চলতি অনুপাত ২ ঃ ১ এবং নিট মুনাফার অনুপাত ২২.৫০%। গ. সম্পত্তি আবর্তন অনুপাত ১ বার এবং মজুদ আবর্তন অনুপাত ১০.৫৩ বার।

৬. ক. শেয়ার অধিহার ৩,০০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৩৪,৯০,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৮,০০,০০০ টাকা।

৭. ক. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৩০%। খ. সমচ্ছেদ বিন্দু (একক) ২,৪০০ একক; সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৬০,০০০ টাকা। গ. সমচ্ছেদ বিন্দুতে মুনাফা শূন্য হয়।

৮. ক. পরিচালন খরচ বাবদ নগদ প্রদান ৪৯,০০,০০০ টাকা। খ. পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ ১৫,৫১,০০০ টাকা। গ. বিনিয়োগ কার্যক্রমে নিট নগদ ব্যবহার ৪,৮০,০০০ টাকা এবং অর্থায়ন কার্যক্রমের নগদ প্রবাহ ০ টাকা।

৯. ক. মুখ্য ব্যয়ের পরিমাণ ৬২,০০০ টাকা। খ. কারখানা ব্যয় ৮৭,৪০০ টাকা ও বিক্রীত পণ্যের ব্যয় ৯১,১০০ টাকা। গ. নিট মুনাফা ৮৭,৫০০ টাকা।

হিসাববিজ্ঞান: দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. প্রাপ্তি ও প্রদান হিসাবের উদ্বৃত্তকে কী বলা হয়?
ক আয় খ খরচ গ দায় ঘ সম্পদ

২. বকেয়া খরচ হিসাবকালের কোন জাতীয় হিসাব?
ক আয় ও দায় খ খরচ ও দায়
গ খরচ ও আয় ঘ সম্পদ ও আয়

৩. আয়-ব্যয় হিসাবের ক্রেডিট জের ব্যবসায় প্রতিষ্ঠানের কী হিসাবে গণ্য হয়?
ক মোট লাভ খ মোট ক্ষতি
গ নিট লাভ ঘ নিট ক্ষতি

৪. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করা হয়—
ক মাসের শেষে খ বছরের শেষে
গ একটি নির্দিষ্ট তারিখে ঘ ছয় মাস শেষে

৫. উত্তোলনের সুদ পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে দেখাতে হবে—
i. লাভ-লোকসান বণ্টন হিসাবের ক্রেডিটে
ii. অংশীদারগণের মূলধন হিসাবের ডেবিটে
iii. অংশীদারগণের চলতি হিসাবের ডেবিটে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
লিপি, শাপলা ও শান্ত যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। শাপলা কারবার পরিচালনার জন্য মাসিক ২,৫০০ টাকা বেতন পাবে। চুক্তিপত্রে মূলধনের ওপর ১০% সুদ ধরতে হবে। হিসাব বছর শেষে উপরোক্ত সমন্বয়সাধনের পূর্বে কারবারের মুনাফা ছিল ১,৫০,০০০ টাকা।

৬. অংশীদারগণের মূলধনের সুদের সমষ্টি কত?
ক ২০,০০০ টাকা খ ৩০,০০০ টাকা
গ ৫০,০০০ টাকা ঘ ৬০,০০০ টাকা

৭. উক্ত ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফা কত হবে?
ক ৬০,০০০ টাকা খ ৭০,০০০ টাকা
গ ৯০,০০০ টাকা ঘ ১,২০,০০০ টাকা

৮. কোন মূলধনের ওপর সুদ ধার্য করা হয়?
ক প্রারম্ভিক মূলধন খ সমাপনী মূলধন
গ অতিরিক্ত মূলধন ঘ বিনিয়োজিত মূলধন

৯. অংশীদারদের চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত প্রতিষ্ঠানে কী প্রকাশ করে?
ক সম্পদ খ আয় গ দায় ঘ ব্যয়

১০. নগদ প্রবাহ বিবরণীতে অর্থের আগমন ও নির্গমন সংক্রান্ত কার্যাবলি কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

১১. শেয়ারহোল্ডারগণদের নগদ লভ্যাংশ প্রদান নগদ প্রবাহ বিবরণীর কোন শ্রেণির কার্যাবলি?
ক পরিচালন কার্যক্রম খ বিনিয়োগ কার্যক্রম
গ অপরিচালন কার্যক্রম ঘ অর্থায়ন কার্যক্রম

১২. কোনটিকে কোম্পানির সনদ বলা হয়?
ক পরিমেল বন্ধ খ পরিমেল নিয়মাবলি
গ নিবন্ধনপত্র ঘ শেয়ার সার্টিফিকেট

১৩. কোম্পানির অনুমোদিত মূলধনের সমান ক্ষুদ্র এককককে কী বলে?
ক শেয়ার খ স্টক গ ঋণপত্র ঘ ওয়ারেন্ট

১৪. অনুপার্জিত আয় একটি—
ক আয় খ ব্যয় গ দায় ঘ সম্পদ

১৫. সর্বোচ্চ শতকরা কত হার বাট্টায় শেয়ার ইস্যু করা যায়?
ক ৫% খ ৬% গ ১০% ঘ ১২%

১৬. অলীক সম্পদ হলো—
i. অবলেখন দস্তুরি ii. প্রাথমিক খরচ
iii. সুনাম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।
মেঘনা অয়েল কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানি ১০% অবহারে ৭৫,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিলি করে। ইস্যুকৃত সমুদয় শেয়ারের টাকা যথারীতি পাওয়া গেল।

১৭. কোম্পানির মোট আদায়কৃত মূলধনের পরিমাণ কত?
ক ৬,৭৫,০০০ টাকা খ ৭,৫০,০০০ টাকা
গ ৯,০০,০০০ টাকা ঘ ১০,০০,০০০ টাকা

১৮. বাট্টার পরিমাণ কত?
ক ৬৭,৫০০ টাকা খ ৭৫,০০০ টাকা
গ ৯০,০০০ টাকা ঘ ১,০০,০০০ টাকা

১৯. প্রতিষ্ঠানের সার্বিক আর্থিক অবস্থার চিত্র জানা যায় কোনটির মাধ্যমে?
ক বিশদ আয় বিবরণী খ নগদ প্রবাহ বিবরণী
গ সংরক্ষিত আয় বিবরণী ঘ আর্থিক অবস্থার বিবরণী

২০. রেওয়ামিলে মেশিনের মূল্য এবং মেশিনের পুঞ্জীভূত অবচয়ের পরিমাণ যথাক্রমে ৬০,০০০ টাকা ও ২২,০০০ টাকা। চলতি বছরে অবচয়ের পরিমাণ ৪,৮০০ টাকা হলে মেশিনের পুস্তকমূল্য কত?
ক ২৬,৮০০ টাকা খ ৩৩,২০০ টাকা
গ ৩৮,০০০ টাকা ঘ ৫৫,২০০ টাকা

২১. নগদান প্রবাহ বিবরণী—
i. নগদ অবস্থার মূল্যায়ন করে
ii. কারবারের মোট মুনাফা নির্ণয় করে
iii. নিট নগদ পরিবর্তন প্রকাশ করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. একটি ফার্মের চলতি দায় ৫০,০০০ টাকা ও চলতি অনুপাত ২.২ ঃ ১ হলে চলতি সম্পদের পরিমাণ কত?
ক) ১,১০,০০০ টাকা খ) ৮০,০০০ টাকা
গ) ৪০,০০০ টাকা ঘ) ১২,৫০০ টাকা

২৩. কার্যকরী মূলধন নির্ণয়ের সঠিক সূত্র কোনটি?
ক) মোট সম্পদ - মোট দায়
খ) চলতি সম্পদ - মোট দায়
গ) মোট সম্পদ - চলতি দায়
ঘ) চলতি সম্পদ - চলতি দায়

২৪. ত্বরিত সম্পত্তির অংশ নয়—
i. মজুদ পণ্য ii. অগ্রিম ব্যয়
iii. নগদ তহবিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
বিক্রয় ৫০,০০০ টাকা, প্রত্যক্ষ কাঁচামাল ১৫,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৬,০০০ টাকা, কারখানার উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ৫০%, প্রশাসনিক খরচ বিক্রয়ের ৩০% এবং বিক্রয়খরচ বিক্রয়ের ১০%।

২৫. মুখ্য ব্যয় কত টাকা?
ক) ১৫,০০০ টাকা খ) ২১,০০০ টাকা
গ) ২৪,০০০ টাকা ঘ) ২৫,০০০ টাকা

২৬. মুনাফার পরিমাণ কত?
ক) ৬,০০০ টাকা খ) ৮,০০০ টাকা
গ) ১০,০০০ টাকা ঘ) ১২,০০০ টাকা

২৭. শারীরিক পরিশ্রমের বিনিময়ে প্রদেয় অর্থকে বলা হয়—
ক) বোনাস খ) মজুরি
গ) বেতন ঘ) মহার্ঘ ভাতা

২৮. ব্যবহৃত কাঁচামালের ব্যয় কোন জাতীয় ব্যয়ের উদাহরণ?
ক) পরিবর্তনশীল ব্যয় খ) স্থায়ী ব্যয়
গ) আধা-পরিবর্তনশীল ব্যয় ঘ) কালীন ব্যয়

২৯. অনার্থিক সুবিধা হলো—
i. শিক্ষা ii. বোনাস
iii. প্রশিক্ষণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. নিত্য মজুদ ব্যবস্থায় কখন সমাপনী মজুদ পণ্যের পরিমাণ জানা যায়?
ক) এক মাস পরপর খ) ছয় মাস পরপর
গ) হিসাবকাল শেষে ঘ) যেকোনো সময়

৩১. কোনটি পণ্য ব্যয়ের উপাদান নয়?
ক) প্রত্যক্ষ কাঁচামাল ব্যয় খ) প্রত্যক্ষ শ্রম ব্যয়
গ) উৎপাদন উপরিব্যয় ঘ) প্রশাসনিক ব্যয়

৩২. বিক্রীত পণ্যের ব্যয় কোন শ্রেণির ব্যয়?
ক) প্রত্যক্ষ ব্যয় খ) কারখানার ব্যয়
গ) প্রশাসনিক ব্যয় ঘ) বিক্রয় ব্যয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
হাবিব লিমিটেডের বই থেকে নিম্নলিখিত তথ্যসমূহ নেয়া হয়েছে;
জানু-১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২,০০০ একক, প্রতি একক ১০ টাকা,
জানু-১৫ মাল ক্রয় ৮,০০০ একক, প্রতি একক ১২ টাকা,
জানু-২৫ মাল বিক্রয় ৭,০০০ একক, প্রতি একক ১৫ টাকা।

৩৩. আগে আসে আগে যায় পদ্ধতিতে সমাপনী মজুদের মূল্য কত?
ক) ৩৬,০০০ টাকা খ) ৩০,০০০ টাকা
গ) ২০,০০০ টাকা ঘ) ১০,০০০ টাকা

৩৪. আগে আসে আগে যায় পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?
ক) ২০,০০০ টাকা খ) ৬০,০০০ টাকা
গ) ৮০,০০০ টাকা ঘ) ৯৬,০০০ টাকা

৩৫. আচরণের ভিত্তিতে উৎপাদন ব্যয়কে কয় ভাগে ভাগ করা যায়?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

৩৬. সমচ্ছেদ বিন্দু বিক্রয়ে—
i. মোট ব্যয় মোট আয়ের সমান হয়
ii. মোট দত্তাংশ মোট স্থির ব্যয়ের সমান হয়
iii. মুনাফা শূন্য হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. স্থির ব্যয়ের বৈশিষ্ট্য হলো—
i. ইহা মোটের ওপর স্থির থাকে
ii. ইহা এককপ্রতি পরিবর্তিত হয়
iii. ইহা এককপ্রতি স্থির থাকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৮. চলতি অনুপাতের আদর্শ মান কত?
ক) ১ ঃ ১ খ) ১ ঃ ২ গ) ২ ঃ ১ ঘ) ২ ঃ ৩

৩৯. একটি যৌথ মূলধনী কোম্পানি—
i. চিরন্তন অস্তিত্ব সম্পন্ন ii. নিবন্ধিত
iii. সীমাহীন দায়বিশিষ্ট
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান-এর ব্যবহারকারী কারা?
ক) শেয়ারহোল্ডারগণ খ) কর কর্তৃপক্ষ
গ) ব্যবস্থাপকগণ ঘ) সরবরাহকারী

উত্তরমালা

১	ঘ	২	খ	৩	গ	৪	গ	৫	ক	৬	ঘ	৭	ক	৮	ক	৯	গ	১০	ঘ	১১	ঘ	১২	ক	১৩	ক	১৪	গ	১৫	গ	১৬	ক	১৭	ঘ	১৮	ঘ	১৯	ঘ	২০	ঘ
২১	খ	২২	ক	২৩	ঘ	২৪	ক	২৫	খ	২৬	ক	২৭	খ	২৮	ক	২৯	খ	৩০	ঘ	৩১	ঘ	৩২	ক	৩৩	ক	৩৪	গ	৩৫	খ	৩৬	ঘ	৩৭	ক	৩৮	গ	৩৯	ক	৪০	গ